

খুঁজে ফিরি

অপরাজিতা

আমি কার কাছে এ কষ্টের কথা বলবো?

নষ্ট এ অরিত্রির কাছে?

যে চোখের দিকে তাকাই

আনন্দ বর্নাধারার বদলে

অবিরাম কান্নার রিনেন ধ্বনি বাজে ।

যে হৃদয়ের দিকে তাকাই

শুনি শুকনো পাতার মত মর্মর শব্দের ধ্বনি

যেন রৌদ্রের খড়তাপে বিরাণ মরুভূমি

আমি কার কাছে এ অভিমানের কথা বলবো

চারপাশে শুধু ভাঙামীর স্রোতস্বীনি ধারা ।

নিজের অন্তরালে এক অন্য মানুষ হবার

আপ্রাণ চেপ্টা ।

সময়ে সময়ে হাঁপিয়ে উঠি নিজের মাঝে ।

শুধু বিশ্বাস ফিরে পাই

সমুদ্রের শুচিতার মাঝে,

বাদলা দিনের ঝিরঝিরি বৃষ্টির শব্দের মাঝে,

নির্জন ধরনীর বুকে পূর্ণিমা ভরা জোৎস্না রাতে

আমি সকল নীল বেদনার তুলি দিয়ে

এক সুখের ছবি আঁকি ।

এক সুখময় স্বপ্নীল পৃথিবীর স্বপ্ন

দেখি, যেখানে মুখোশহীন মানুষেরা থাকবে ।

যেখানে সকল ভাঙরা নিজের কাছে

আত্মসমর্পন করবে ।

আমি সেই পৃথিবীর মাঝেই

তোমার মুখচ্ছবি দেখি ।